দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 07 MAY 2015 ...
পৃষ্ঠা ... কলাম ...

# ডিমলায় বখাটেদের কারণে স্কুলে যেতে পারছে না এক ছাত্রী

■ ডিমলা (নীলফামারী) সংবাদদাতা

নীলফামারীর ডিমলায় নাউতরা বালিকা স্কুল এ্যান্ড কলেজের ৯ম শ্রেণির এক ছাত্রী বখাটেদের কারণে গত ১৫ দিন ধরে স্কুলে যেতে পারছে না। জানা যায়, গত ২২ এপ্রিল পারিবারিক তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে বিদ্যালয়ের মাঠ থেকে মেয়েটিকে জোরপূর্বক টেনে-হিঁচড়ে পার্শ্ববর্তী এক বাড়িতে নিয়ে যায় বখাটেরা।

এ সময় ওই বাড়ির মালিক একরামুলের পুত্র জ্বারিফুল ইসলামসহ (২৪) বাড়িতে থাকা লোকজন তার ওপর শারীরিক নির্যাতন চালায়। ঘটনার পরদিন স্কুলছাত্রীর মা চারজনের বিরুদ্ধে ডিমলা থানায় অভিযোগ দায়ের করেন। এ ঘটনার পর থেকে সে আর স্কুলে যেতে পারছে না। মেয়েটির পরিবারের পক্ষ থেকে দাবি করা হয় একরামুল হক প্রভাবশালী হওয়ায় পুলিশ রহস্যজনক কারণে নীরব ভূমিকা পালন করছে।

ডিমলা থানার ওসি রুহুল আমীন বলেন, বিষয়টি সম্পর্কে তিনি অবগত নন। মামলার তদন্ত কর্মকর্তার সাথে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।